আজকের কাগজ

তারিখ 18 JAN 1995
পৃষ্ঠা ৪ কলাম ৭

১৪

# শ্যামগঞ্জে বিকল্প পাঠাগারের উদ্যোগে গ্রন্থ দিবস পালিত

**আবু জাফর তালুকদার ঃ** জাতীয় গ্রন্থ দিবস উদযাপন উপলক্ষে নেত্রকোনার শ্যামগঞ্জের বিকল্প পাঠাগারের উদ্যোগে গত ১ জানুয়ারি বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচির মধ্যে ছিলো জাতীয় পতাকা উত্তোলন, গ্রন্থ পরিচিতি, গ্রন্থ বিনিময়, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। সকাল ১০টায় এ প্রজন্মের দু'টি শিশু 'পিংকী' এবং 'মৌ' কর্তৃক বিকল্প পাঠাগার প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এবং সুতা কেটে দিনব্যাপী কর্মসূচির উদ্বোধন করা হয়। সকাল ১১টায় শুরু হয় গ্রন্থ পরিচিতি এবং গ্রন্থ বিনিময়। বিকেল ৪টায় বিকল্প পাঠাগারে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মোফাজ্জল হোসেন জয়ের সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় জাতীয় গ্রন্থ দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে আলোচনায় অংশগ্রহণ করেন কবি ও প্রাবন্ধিক সৈয়দ সিদরাতুল মোনতাহা, আজকের কাগজের নেত্রকোনা জেলা প্রতিনিধি আবুজাফর তালুকদার, দৈনিক সংবাদের কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি সুদীপ্ত দাস, দৈনিক আল আমিনের পূর্বধলা প্রতিনিধি নিজাম উদ্দিন তালুকদার ও ডাঃ শহীদুল্লাহ। আলোচনা সভার পর এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে সঙ্গীত পরিবেশন করেন- বীথি বণিক, মিলন সাহা, নির্মল ধর, শহীদুল্লাহ, মোশাররফ হোসেন, সৈয়দ সিদরাতুল মোনতাহা, মিয়া মুকুল ও উদয় বণিক।



গ্রন্থ দিবস উপলক্ষে বিকল্প পাঠাগার আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা